

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৪৪(আগরতলা ৩।১)

পানিসাগর, ৩ জানুয়ারি, ২০২৪

পানিসাগর মহকুমা ভিত্তিক অদ্বৈত মল্লবর্মণ জন্মজয়ন্তী

তপশিলি জাতি কল্যাণ দপ্তর ও পানিসাগর মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণের ১১০তম জন্মজয়ন্তী উদযাপন করা হয়। পানিসাগর মহকুমার বালকমনি মাধ্যমিক বিদ্যালয়ে আয়োজিত মহকুমা ভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করেন পানিসাগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান লক্ষীকান্ত দাস। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর দ্বাদশমান বিদ্যালয়ের ভাইস প্রিন্সিপাল নগেন্দ্র চন্দ্র নাথ, পানিসাগর ব্লকের এসসি উপ-কমিটির সভাপতি ধনঞ্জয় দাস, বালকমনি মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক বিশ্বজিৎ দাস প্রমুখ। অনুষ্ঠানে উদ্বোধক সহ অন্যান্য অতিথিগণ কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণের শিক্ষা ও কর্মজীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা কল্যাণ আধিকারিক প্রদীপ কুমার সরকার। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ অদ্বৈত মল্লবর্মণের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন।
